



জাতীয় বিশ্ববিদ্যালয়

স্মারক নং- ১৬(৭৬৯)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/প্রফেশনাল ভর্তি/২০১৮-২০১৯/৪২৩১

তারিখ : ১৪/০৫/২০১৮

২০১৮-২০১৯ সালের মাস্টার্স (প্রফেশনাল) ভর্তি কার্যক্রমের মেধা তালিকা প্রকাশ ও কলেজ কর্তৃক চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৮-২০১৯ সালের মাস্টার্স (প্রফেশনাল) ভর্তি কার্যক্রমে এলএলবি ১ম পর্ব/পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন জার্নালিজম/ডিপ্লোমা ইন লাইব্রেরী এন্ড ইনফরমেশন সায়েন্স/এমএসসি ইন কম্পিউটার সায়েন্স/মাস্টার অব বিজনেস এ্যাডমিনিস্ট্রেশন (এমবিএ)/এমবিএ ইন অ্যাপারেল মার্চেন্টাইজিং কোর্সসমূহের মেধা তালিকা ১৫ মে ২০১৮ তারিখে প্রকাশ করা হবে। উক্ত ফলাফল SMS (nu<space>atpm<space>roll no) টাইপ করে 16222 নাম্বারে send করতে হবে) এর মাধ্যমে একইদিন বিকাল ৪টা থেকে এবং ওয়েবসাইটে (www.admissions.nu.edu.bd) রাত ৯টা থেকে পাওয়া যাবে। উল্লেখ্য যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অন্য যে কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী এ শিক্ষা কার্যক্রমে ভর্তি হতে পারবে না।

২০১৮-২০১৯ সালের মাস্টার্স (প্রফেশনাল) ভর্তি কার্যক্রম নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করতে হবে

ক্রমিক	বিবরণ	তারিখ
ক)	মেধা তালিকা প্রকাশের তারিখ:	১৫/০৫/২০১৮
খ)	মেধা তালিকায় স্থানপ্রাপ্ত প্রার্থীদের অনলাইনে চূড়ান্ত ভর্তি ফরম প্রিন্ট করে রেজিস্ট্রেশন ফিসহ (ভর্তি নির্দেশিকার ১০ নং অনুচ্ছেদ অনুযায়ী) সংশ্লিষ্ট কলেজে জমা দেয়ার তারিখ: প্রার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট ওয়েবসাইটের (www.admissions.nu.edu.bd) Applicant Login লিঙ্কে Masters (Prof.) Login অপশন ক্লিক করে ভর্তি ফরম পূরণ করতে হবে।	১৬/০৫/২০১৮ থেকে ২৩/০৫/২০১৮
গ)	কলেজ কর্তৃক মেধা তালিকায় স্থানপ্রাপ্ত প্রার্থীদের ভর্তি নিশ্চয়নের তারিখ:	১৬/০৫/২০১৮ থেকে ২৪/০৫/২০১৮
ঘ)	কলেজ কর্তৃক মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের অংশ (ভর্তি নির্দেশিকার ১০ নং অনুচ্ছেদ অনুযায়ী) "সোনালী সেবা" এর মাধ্যমে সংশ্লিষ্ট খাতে যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দেয়ার তারিখ কলেজকে Login এর মাধ্যমে Admission Payment Info (MS Prof.) অপশনে ক্লিক করে Pay Slip ডাউনলোড করতে হবে এবং এর প্রিন্ট কপি নিয়ে যে কোন 'সোনালী সেবা' প্রদানকারী নিকটস্থ সোনালী ব্যাংক শাখায় নির্ধারিত ফি জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।	২৭/০৫/২০১৮ থেকে ৩০/০৫/২০১৮
ঙ)	ক্লাশ শুরুর তারিখ	০১/০৭/২০১৮
দৃষ্টি আকর্ষণ		
কলেজ কর্তৃপক্ষকে ২০১৮-২০১৯ সালের মাস্টার্স (প্রফেশনাল) ভর্তি কার্যক্রমে এলএলবি ১ম পর্ব/পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন জার্নালিজম/ডিপ্লোমা ইন লাইব্রেরী এন্ড ইনফরমেশন সায়েন্স/এমএসসি ইন কম্পিউটার সায়েন্স/ মাস্টার অব বিজনেস এ্যাডমিনিস্ট্রেশন (এমবিএ)/এমবিএ ইন অ্যাপারেল মার্চেন্টাইজিং কোর্সসমূহের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত প্রার্থীদের ভর্তি ফরমে প্রদর্শিত সকল তথ্য ও ছবি (প্রার্থীদের সনদপত্র ও নম্বরপত্র অনুযায়ী) যাচাই করে চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন করতে হবে। কোন প্রার্থীর ভর্তি ফরমে প্রদর্শিত তথ্য ও ছবিতে অসংগতি বা গড়মিল পরিলক্ষিত হলে <u>সংশ্লিষ্ট কলেজ শিক্ষার্থীর ভর্তি নিশ্চয়ন না করে</u> অনতিবিলম্বে বিষয়টি লিখিতভাবে ডিন, স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র বরাবর জানাতে হবে।		

স্বাক্ষরিত/-

(প্রফেসর ড. মো: আনোয়ার হোসেন)
ডিন, স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪
ফোন : ৯২৯১০৭৪, ৯২৯২০৮৪
ই-মেইল- pgdeanoffice@gmail.com

স্মারক নং- ১৬(৭৬৯)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/প্রফেশনাল ভর্তি/২০১৮-২০১৯/৪২৩১

তারিখ : ১৪/০৫/২০১৮

অনুলিপি:

- ১। পরিচালক, তথ্য ও প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
- ২। পরিচালক (ভারপ্রাপ্ত), অর্থ ও হিসাব, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৩। পরিচালক (ভারপ্রাপ্ত) জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয় (কল সেন্টার, ইলেকট্রনিক মিডিয়া ও দৈনিক পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
- ৪। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৬। সচিব, ভাইস-চ্যান্সেলর দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৭। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৮। অফিস কপি

উপ-রেজিস্ট্রার (মাস্টার্স প্রফেশনাল)
স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪